



৬ আগস্ট, ২০১৮

সংবাদ বিজ্ঞপ্তি

এন ইউ'র ৩য় বর্ষ অনার্স পরীক্ষার ফল প্রকাশ আজ

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৭ সালের ৩য় বর্ষ অনার্স নিয়মিত পরীক্ষার ফল আজ ০৬/০৮/২০১৮ তারিখ প্রকাশ করা হবে। এ পরীক্ষায় ৩০টি অনার্স বিষয়ে ৬১৩ টি কলেজের ১৭৬৫৩১ জন (নিয়মিত) ও ৪২১২৩ জন মানউন্নয়ন সর্বমোট ২১৮৬৫৪ জন শিক্ষার্থী ২২১ টি কেন্দ্রের মাধ্যমে অংশগ্রহণ করে। ৪র্থ বর্ষে উত্তীর্ণ হয়েছে ১৭২৬৫৩ জন উত্তীর্ণের হার ৯৭.৮০%। প্রকাশিত ফল সন্ধ্যা ৭ টা থেকে SMS এর মাধ্যমে যে কোন মোবাইল মেসেজ অপশনে গিয়ে nu<space>h3<space> Registration No লিখে 16222 নম্বরে Send করে এবং বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nu.ac.bd থেকে জানা যাবে।

এন.ইউ'র মাস্টার্স ভর্তির ২য় রিলিজ স্লিপের মেধা তালিকা ৯ আগস্ট প্রকাশ

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামের ভর্তি কার্যক্রমে ২য় রিলিজ স্লিপের মেধা তালিকা ০৯ আগস্ট তারিখ প্রকাশ করা হবে। উক্ত ফল ঐ দিন বিকেল ৪:০০ টা থেকে SMS এর মাধ্যমে [nu<space>atmf<space>roll](http://nu.ac.bd) লিখে 16222 নম্বরে Send করে এবং রাত ০৯.০০ টায় ওয়েব সাইট www.nu.ac.bd/admissions থেকে ফল পাওয়া যাবে।

এন. ইউ'র প্রিলিমিনারী টু মাস্টার্সে ভর্তিকৃত শিক্ষার্থীদের বিষয় পরিবর্তন ও কোটা

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে ২য় মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের বিষয় পরিবর্তন ও কোটার মেধা তালিকা ৭ আগস্ট ২০১৮ তারিখ প্রকাশ করা হবে। উক্ত ফল ঐ দিন বিকেল ৪:০০ টা থেকে SMS এর মাধ্যমে [nu<space>atmp<space>roll](http://nu.ac.bd) লিখে 16222 নম্বরে Send করে এবং রাত ০৯.০০ টায় ওয়েব সাইট (www.nu.ac.bd/admissions) থেকে ফল পাওয়া যাবে।

(মোঃ ফয়জুল করিম)

পরিচালক (ভারপ্রাপ্ত)

জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর

জাতীয় বিশ্ববিদ্যালয়